

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 5.1

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) রমেশের বাবার নাম কী ?

(খ) “রাণী কই রে!” এখানে ‘রাণী’ বলে কে ডেকেছে ?

(গ) প্রতি বছর ঘটা করে রমা কোন উৎসব পালন করত ?

(ঘ) রমার ভাইয়ের নাম কী ?

(ঙ) “রেললাইনে জাগিয়া উঠিল সোনার বরণ একটি চলন্ত
রেখা।” ‘চলন্ত রেখা’টি কে ?

- (চ) “যে আসরে বাঁদর নাচে সে আসরে আমি নাচি না।”
উক্তিটি কার ?
- (ছ) নিতাইয়ের বন্ধু রাজালাল বায়েন কি কাজ করত ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “রসিদ দিতে হয় ছাব্বিশ টাকার, পাই তেরো টাকা
পনেরো আনা।” কে, কাকে মন্তব্যটি করেন ?
- (খ) “দুটো করে মাথা আর কার থাকে বড়বাবু ? আপনাদের
থাকে না, ত আমাদের মতো গরীবের!” উক্তিটি কার ?
‘বড়বাবু’ কে ?
- (গ) “ব’স, একটুকুন চা খাও। তোমার লেগে নতুন কাপ
এনেছি।” বক্তা কে ? তিনি কাকে চা খেতে বলছেন ?
- (ঘ) “কেয়া ধ্যান করতা ভাই, হিঁয়া বইঠকে ? নয়া কুছ গীত
বানায়া ?” কে, কাকে একথা জিজ্ঞাসা করেছেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) ভৈরব আচার্য চরিত্রটি (পল্লীসমাজ) আলোচনা করো।
- (খ) ‘পল্লীসমাজ’ উপন্যাসে গোবিন্দ ঘোষাল কীভাবে গ্রামীণ
কৃৎনীতির অংশীদার হয়েছিলেন তা দেখাও।
- (গ) বিপ্রপদ ঠাকুর (কবি) সম্বন্ধে যা জানো, লেখো।

- (ঘ) “নীল চশমা চোখে দিয়েছ বাবা? সূর্যের আলো নীলবর্ণ দেখায়।” কে, কাকে, কোন্ প্রসঙ্গে কথাটি বলেছিলেন?
- (ঙ) “অজস্র ক্রুদ্ধ অভিসম্পাত ও অশ্রাব্য গালিগালাজের মধ্য হইতে বিবরণটি জানা গেল।” এখানে যে বিবরণটির প্রসঙ্গ আছে তা সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘পল্লীসমাজ’ উপন্যাসে বিশ্বেশ্বরী চরিত্রটি পর্যালোচনা করো।

অথবা

‘পল্লীসমাজ’ উপন্যাসে টাইপ চরিত্রগুলোর মাধ্যমে শরৎচন্দ্র যেভাবে হাস্যরসের ধারা উন্মুক্ত করেছেন তা বিশ্লেষণ করো।

- (খ) ‘কবি’ উপন্যাসে লোকসংস্কৃতি ও লোকজীবনের ছবি কীভাবে, কতটুকু আছে তা দেখাও।

অথবা

“বসন্তের চরিত্রে তীক্ষ্ণ, হিংস্র আঘাত করার প্রবৃত্তি ও উপভোগ স্পৃহার পাশাপাশি আত্মগ্লানি ও একনিষ্ঠ প্রেমের মর্যাদা উপলব্ধির চমৎকার সমন্বয় ঘটেছে।” সমালোচকের এই মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসের ঘটনাবলি বিশ্লেষণ করে বেণী ঘোষাল চরিত্রের ভূমিকাটি স্পষ্ট করো।

অথবা

'কবি' উপন্যাসের নামকরণ কীভাবে সার্থক হয়ে উঠেছে তা আলোচনা করে দেখাও।

★ ★ ★